

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।

স্মারক নং- ৩৮.০০.০০০০.১০৭.৩৩.৪১.১৬-১৮৩৪ (২২৭)

তারিখ: ১৫ কার্তিক, ১৪২৪।
৩০ অক্টোবর, ২০১৭।

বিষয় : ভূয়া প্রতিষ্ঠান কর্তৃক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নাম ঠিকানা ব্যবহার করে প্রতারণা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Primary Educational Organization Ltd(PEOL) নামের একটি ভূয়া প্রতিষ্ঠান/ প্রতারক চক্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাদৃশ্যপূর্ণ নাম ও ঠিকানা ব্যবহার করে চাকরি দেয়ার প্রলোভন দেখিয়ে বিকাশ একাউন্টের মাধ্যমে সাধারণ জনগণের নিকট থেকে টাকা আদায়ের চেষ্টা করছে মর্মে জানা যায়। বর্ণিত প্রতিষ্ঠানের নামে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি, প্রতিষ্ঠান থেকে ইস্যুকৃত পত্র, ভিজিটিং কার্ড প্রভৃতি-তে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাদৃশ্যপূর্ণ নাম ও প্রকৃত ঠিকানা ব্যবহার করা হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাথে উক্ত প্রতিষ্ঠানের কোন সম্পর্ক নাই।

২। বর্ণিত প্রতিষ্ঠান/ চক্রটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মিরপুর মডেল থানা, মিরপুর-২, ঢাকা-তে ইতোমধ্যে সাধারণ ডায়েরী করা হয়েছে। ডায়েরী নং-২০৩৯, তারিখ : ২৯-১০-২০১৭।

৩। এমতাবস্থায়, তার আওতাধীন কর্ম এলাকায় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সচেতন করা এবং এ ধরনের কোন প্রতিষ্ঠানের কার্যক্রম গোচরীভূত হলে তাৎক্ষণিকভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



এ.এইচ. এম. গোলাম কিবরিয়া
(উপ সচিব)
উপপরিচালক (সংস্থাপন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা
ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল বিভাগ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ:

- ১। জেলা প্রশাসক (সকল), জেলা:.....।
- ২। সচিব সহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা :
- ৪। সুপারিনটেনডেন্ট (সকল),পিটিআই, জেলা:.....।
- ৫। শিক্ষা অফিসার, তত্ত্বাবধান ও সমন্বয় সেল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করণের অনুরোধসহ)।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার (সকল),জেলা:.....।
- ৭। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, জেলা:.....।